প্রথম আলো

তারিখ 12 DEC 2007
পৃষ্ঠা 4 কলাম 6

শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি

# বৈবাহিক অবস্থা প্রকাশের রীতি কেন অসাংবিধানিক নয়

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে বৈবাহিক অবস্থা প্রকাশ করার রীতি কেন অসাংবিধানিক ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল দিয়েছেন হাইকোর্ট। দুই আইনজীবীর করা এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে গতকাল সোমবার বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রুল দেন।

'মেয়েটি এখন কী করবে?' শিরোনামে গত ১৪ নভেম্বর *প্রথম আলোর* নারীমঞ্চ পাতায় একটি প্রতিবেদন ছাপা হয়। এতে ধর্ষণের পর সন্তান জন্ম দেওয়া এক শিক্ষার্থীর ভর্তি জটিলতার বিষয়ে বলা হয়। এটি যুক্ত করে অবিবাহিত ওই শিক্ষার্থীর ভর্তিতে নার্সিং কলেজ থেকে স্বামী পরিত্যক্তা লিখতে বলার বৈধতা নিয়ে গত রোববার রিটটি করা হয়। তা গতকাল শুনানির জন্য ওঠে।

আদালত ওই শিক্ষার্থীকে অবিলম্বে রাজশাহী সরকারি নার্সিং কলেজে ভর্তি করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। নির্দেশনা বাস্তবায়নের অগ্রগতি জানিয়ে আগামী ৪ জানুয়ারি প্রতিবেদন দাখিল করতে কলেজের অধ্যক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।

আদালতে রিট আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী অনীক আর হক, সঙ্গে ছিলেন আইনজীবী আইনুন নাহার সিদ্দিকা ও জ্যোতির্ময় বড়ুয়া। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল তাপস কুমার বিশ্বাস। সুপ্রিম কোর্টের আইনজীবী ফাহ্‌রিয়া ফেরদৌস ও নাহিদ সুলতানা রিটটি করেন।